# Tense (কাল)

❖ নিচের sentence-গুলো পড়:

i. I **go** to school now
ii. Nafiz **went** to school yesterday.
iii. Noushin **will go** to school tomorrow.

উপরের প্রথম sentence-এর অর্থ হচ্ছে- আমি এখন বিদ্যালয়ে যাই। অর্থাৎ এখানে **'go'** verb-টির কাজ বর্তমানে সময় বা Present time-কে নির্দেশ করছে।

দ্বিতীয় sentence-এর অর্থ হচ্ছে-নাফিজ গতকাল বিদ্যালয়ে গিয়েছিল। অর্থাৎ এখানে 'went' verb-টির কাজ অতীত সময় বা Past time-কে নির্দেশ করছে।

তৃতীয় sentence-এর অর্থ হচ্ছে-নওশীন আগামীকাল বিদ্যালয়ে যাবে। অর্থাৎ এখানে 'will go' verb-টির কাজ ভবিষ্যৎ সময় বা Future time-কে নির্দেশ করে।

সুতরাং দেখা যাচ্ছে যে, উপরের sentence তিনটিতে তিনটি কাজ তিনটি পৃথক সময়কে নির্দেশ করছে। ক্রিয়া সম্পাদনের এই সময়ই হচ্ছে Tense বা কাল।

অতএব, কোনো কার্য সম্পাদনের সময়কে Tense বলে।

**Classifications of Tense**(কালের শ্রেণীবিভাগ):

Tense প্রধানত তিন প্রকার। যথা—

a) Present Tense; b) Past Tense; c) Future Tense

## Present Tense(বর্তমান কাল)

**Present Tense:** যে verb- এর কাজ বর্তমান সময় নিষ্পন্ন হয়, তাকে Present Tense বলে। যেমন—

Hasan reads a book.

The boys are playing football.

Tuhin has gone home.

❖ **Classifications of present Tense:** কাজের সময়কে আরও স্পষ্ট করে বুঝানোর জন্য Present Tense- কে চারভাগে ভাগ করা হয়েছে। যথা—

i. Present Indefinite Tense

ii. Present Continuous Tense
iii. Present Perfect Tense
iv. Present Perfect Continuous Tense

## Present Indefinite Tense

যে Tense দ্বারা বর্তমানে কোন কাজ করা, অভ্যাস বা চিরসত্য বুঝায় তাকে Present Indenfinite Tense বা Simple Present Tense বলে।

**বাংলায় চেনার উপায়:** বাংলা বাক্যে ক্রিয়ার শেষে করি, কর, করে, করেন, যাই, যায়, যাও, যান, পড়ি, পড়, পড়েন, পড়ে, ইত্যাদি থকে।

**Structure (গঠন প্রণালী):** Subject+ verb (Present form)+ Extension (বাকি অংশ)

যেমন—

I read a book.

We walk to school.

Hasan goes home.

***Note:*** Subject যদি Third person singular number হয়, তাহলে মূল verb-এর সাথে s বা es যোগ করতে হয়। উপরের দ্বিতীয় sentence-এর subject হচ্ছে Hasan এবং Hasan হচ্ছে third person singular number. তাই ‘go’ verb-টির সাথে ‘es’ যুক্ত হয়েছে।

- **Present Indefinite Tense- এর ব্যবহার:**

নিম্নলিখিত ক্ষেত্রে Present Indefinite Tense ব্যবহৃত হয়:

a) সাধারণভাবে বর্তমান কালের কাজ বুঝাতে—

They **go** home.
We **play** football.
Runa **eats** a guava.

b) চিরন্তন সত্য (universal truth) বুঝাতে—

The earth **moves** round the sun
The sun **rises** in the east.

c) অভ্যাসগত কাজ (habitual work) বুঝাতে—

I **start** for school at 10 every morning.

He **goes** to bed at 11 p.m.

d) নিকটবর্তী ভবিষ্যৎ কালে কোন কাজ হবে এরূপ বুঝাতে—

Ramadan **begins** in 10 September this year.
He **leaves** for Dhaka tomorrow.

e) ঐতিহাসিক ঘটনা প্রকাশ করতে—

Akbar **ascends** (=ascended) the throne of india.

Rustam thus **kills** (=killed) his son.

f) কোন বক্তার বক্তব্য বা কোন লেখকের উক্তি উদ্ধৃত করতে—

Shakespeare **says**, “The world is a stage.”

***Note:*** Present Indefinite Tense যুক্ত কোন sentence-এ মূল verb না থাকলে subject-এর পরে am, is, are, have বা has মূল verb হিসেবে ব্যবহৃত হয়। যেমন—

I **am** a student.

She **is** a housewife.

They **are** happy.

We **have** a vegetable garden.

He **has** a pet cat.

**Put suitable verbs in the gaps.**

a. Nasruddin------- up early.
b. He------- them nothing.
c. Mrs Kamal----- to school with some newspapers.
d. She---- to talk about the newspapers.
e. Sabina--- to go to Brazil.

## Present Continuous Tense

কোন verb-এর কাজ বর্তমানে চলছে, এরূপ বুঝালে verb-এর Present Continuous Tense হয়।

**বাংলায় চেনার উপায়:** বাংলা বাক্যে ক্রিয়ার শেষে চ্ছি, চ্ছ, চ্ছেন, চ্ছে, ছি, ছ, ছ, ছিস, ছেন, ছে, তেছি, তেছে, তেছ ইত্যাদি থাকে।

**গঠন প্রণালী:** Subject+am/is/are+verb-এর সাথে ing+Extension (বাকি অংশ)

যেমন:--

I am reading a book.

We are walking to school.

Hasan is going home.

***Note***: Subject-টি first person singular number হলে 'am', third person singular number হলে 'is' এবং বাকি সবক্ষেত্রে 'are' ব্যবহৃত হয়।

- **Present Continuous Tense- এর ব্যবহার:**

নিম্নলিখিত ক্ষেত্রে Present Continuous Tense ব্যবহৃত হয়:

a) কোন কাজ বর্তমানে চলছে বুঝাতে—

He is **writing** a letter.
They are **making** their garden.

b) ভবিষ্যৎ অর্থ বুঝাতে—

I am **going** to Dhaka tomorrow.
Sabina is **coming** home next month.

c) ভবিষ্যৎ সম্ভাবনা বুঝাতে—

It is **going** to rain soon.
He is **coming** to meet us.

d) ভবিষ্যতের ইচ্ছা বা অভিলাষ বুঝাতে—

I am **going** to live with my uncle.
He is going to set up a shop.

e) পরিবর্তনশীল অবস্থা বুঝাতে—

Our population is **increasing** rapidly.

**Rewrite the following sentences using present continuous tense:**

a) Mrs. Kamal talks to her students.
b) Salam and Sabina read in the same class.
c) Mrs. Kamal teaches them English.
d) Salam and Sabina go to school by rickshaw.
e) Sabina's family lives in a village.

## Present Perfect Tense

যে Tense দ্বারা কাজ এইমাত্র শেষ হয়েছে কিন্তু তার ফলাফল এখনও বর্তমান, এরূপ বুঝালে তাকে Present Perfect Tense বলে।

**বাংলায় চেনার উপায়:** বাংলা বাক্যে ক্রিয়ার শেষে য়েছ, য়েছেন, য়েছে, য়াছি, য়াছ, য়াছেন, য়াছে ইত্যাদির যে কোন একটি থাকে।

**গঠন প্রণালী:** Subject+have/has+মূল verb-এর Past Participle+Extenson(বাকি অংশ)

যেমন-

I have done my homework.
He has gone to school.
They have played well.

***Note***: Subject-টি third person singular number হলে 'has' এবং বাকি সবক্ষেত্রে 'have' ব্যবহৃত হয়।

**Present Perfect Tense**-এর ব্যবহার:

a) যে কাজ এই মাত্র শেষ হয়েছে বুঝাতে—

I have eaten rice.
Mother has made tea.

b) অতীতকালের কাজ করার ফলাফল এখনও বর্তমান আছে এরূপ বুঝাতে—

Hasan has passed the M.Sc Exmanination.

c) অতীতকালে অনেক সময় ধরে কাজ হয়েছে এবং এখনও সময়ের সমাপ্তি হয়নি এরূপ বুঝাতে—

He has lived in Barisal for ten years.
I have been ill since Monday last.

**Rewrite the following sentences using present continuous tense:**

a) Sabina quarrels with her brothers.
b) The old farmer is calling his sons.
c) The three sons try again and again.
d) We work hard all day.
e) Anwar Hussain helps his son in the field.

## Present Perfect Continuous Tense

যে Tense দ্বারা কোন কাজ পূর্বে শুরু হয়ে এখনও চলেছে এরূপ বুঝায়, তাকে Present Perfect Continuous Tense বলে।

**বাংলায় চেনার উপায়:** বাংলা বাক্যে ক্রিয়ার শেষে ছি, ছ, ছেন, চ্ছি, চ্ছ, চ্ছেন, ছে ইত্যাদির যে কোন একটি থাকে এবং সময়ের উল্লেখ থাকে।

**গঠন প্রণালী:** Subject+have been/has been+ মূল verb-এর সাথে ing যুক্ত+Extension(বাকি অংশ)।

যেমন—

I have been reading in this school for one year.
It has been raining since morning.

*Note:* (i) Subject-টি third person singular number হলে 'has been' এবং অন্য সব ক্ষেত্রে 'have been' বসে। (ii) ব্যাপক সময়ের (Period of time) পূর্বে 'for' এবং নির্দিষ্ট সময়ের (point of time) পূর্বে since বসে।

**Rewrite the following sentences using present perfect continuous tense:**

a) I wait for you for an hour.
b) It rains since morning.
c) She is drawing a picture for two hours.

d) I sleep at night.
e) Anwar Hussain is catching fish for two hours.

## Past Tense(অতীত কাল)

**Past Tense:** Verb- এর কার্য যখন অতীত সময়কে নির্দেশ করে তখন তাকে Past Tense বলে। যেমন-

Hasan read a book yesterday.

The boys were playing football.

They had done the work.

**Classifications of Past Tense:** কাজের সময়কে স্পষ্ট করে বুঝানোর জন্য Past Tense-কে চার ভাগে ভাগ করা হয়েছে। যথা-

i. Past Indefinite Tense
ii. Past Continuous Tense
iii. Past Perfect Tense
iv. Past Perfect Continuous Tense